দৈনিক
ইনকিলাব

তারিখ 26 NOV 2006
পৃষ্ঠা কলাম



নকিলাব ঃ এমবিবিএস ভর্তি পরীক্ষার ফলাফল বহাল রাখার দাবিতে উত্তীর্ণ শিক্ষার্থীরা তকাল শহীদ মিনারে মানববন্ধন করে

এমবিবিএস'র বিতর্কিত ফল

# এবার আন্দোলনে নেমেছে উত্তীর্ণ শিক্ষার্থীরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ এমবিবিএস ভর্তি পরীক্ষার ফলাফল বাতিলের দাবিতে আন্দোলনকারীদের বিপরীতে এবার আন্দোলনে নেমেছে উত্তীর্ণ শিক্ষার্থীরা। গতকাল (শনিবার) উভয় গ্রুপ সংবাদ সম্মেলন, মানববন্ধন কর্মসূচী পালন করেছে। এদিকে বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) এক বিবৃতিতে সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছে।

মেডিকেল ভর্তি পরীক্ষার ফলাফল বাতিলের দাবিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা গতকাল আবারো সংবাদ সম্মেলন করেছে। সংবাদ সম্মেনে তারা অবিলম্বে ফলাফল বাতিলের দাবি জানিয়েছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অভিভাবকরাও গৃহীত পরীক্ষার ফলাফল বাতিলের দাবি জানিয়েছেন। এদিকে উত্তীর্ণ শিক্ষার্থীরা ফলাফল বহাল রাখার দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনারে মানববন্ধন কর্মসূচী পালন করেছে। তারা বলেছে, যারা পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি তারা প্রশ্ন ফাঁসের ধুয়া তুলছে।

এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগের ব্যাপারে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকলের প্রতি 'অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জনমনে সৃষ্ট বিভ্রান্তি দূর করার আহ্বান জানিয়েছেন। গতকাল এক বিবৃতিতে বিএমএ মহাসচিব ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেন, ১৭ নভেম্বর অনুষ্ঠিত এমবিবিএস ভর্তি পরীক্ষা শেষে ২২ নভেম্বর

পরস্পরবিরোধী বক্তব্য প্রদানসহ বিভি কর্মসূচী পালন করছে শিক্ষার্থ অভিভাবকসহ তাদের শুভাকাঙ্ক্ষীরা বিএমএ ফলাফল নিয়ে যে সন্দেহ ও বিভ্রা সৃষ্টি হয়েছে তার সুষ্ঠু সমাধান চায়।

এদি
ছাত্র
দাবি